

উত্তরা ইউনিভার্সিটিতে ভর্তি সপ্তাহ শুরু

অনলাইন ডেক্ষ

২৫ নভেম্বর ২০২২ ১১:৫৫ এএম | আপডেট: ২৫ নভেম্বর ২০২২

১১:৫৫ এএম



Estd: 2003
Govt. & UGC Approved

UTTARA UNIVERSITY

Quality Education at Affordable Tuition



উত্তরা ইউনিভার্সিটি

advertisement

ঢাকার উত্তরায় অবস্থিত উত্তরা ইউনিভার্সিটিতে শুরু হয়েছে ভর্তি সপ্তাহ স্প্রিং-২০২৩। এটি চলবে আগামী ২৩ ডিসেম্বর পর্যন্ত।

ইউনিভার্সিটির ২০ বছর পূর্তি ও চলমান স্প্রিং সেমিস্টারের ভর্তি সপ্তাহ উপলক্ষে সব প্রোগ্রামে ইউনিভার্সিটির প্রাক্তন শিক্ষার্থীদের সত্তান, ভাই-বোন, স্বামী-স্ত্রী, তৃতীয় লিঙ্গ, শারীরিক প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠীর শিক্ষার্থীদের জন্যও বিশেষ ছাড়ে উচ্চশিক্ষার ব্যবস্থা করছে এই শিক্ষা প্রতিষ্ঠান।

advertisement

প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এম. আজিজুর রহমান বলেন, ‘উত্তরা ইউনিভার্সিটিতে উচ্চশিক্ষা গ্রহণের জন্য ৩৫টি প্রোগ্রাম রয়েছে। আমাদের মোটো হচ্ছে ‘কোয়ালিটি এডুকেশন অ্যান্ড এফোর্টেবল টিউশন’। উত্তরা ইউনিভার্সিটির ২০ বছর পূর্তি ও চলমান স্প্রিং-২০২৩

সেমিস্টারের ভর্তি সপ্তাহ উপলক্ষে সবার জন্য অত্যন্ত স্বল্প খরচে মান সম্পন্ন উচ্চ শিক্ষার ব্যবস্থা করেছি এবং শারীরিক প্রতিবন্ধীরাও যাতে উচ্চশিক্ষা থেকে বঞ্চিত না হয় সেই সুযোগ করে দিয়েছি। আমাদের প্রত্যেকেরই মনে রাখা উচিত এটা আমাদের সামাজিক এবং নৈতিক দায়বদ্ধতা।'

advertisement 4

উত্তরা ইউনিভার্সিটির ২০ বছর পূর্তি ও চলমান স্প্রিং-২০২৩ সেমিস্টারের ভর্তি সপ্তাহ উপলক্ষে সকল প্রোগ্রামে সাধারণ শিক্ষার্থীদের ভর্তি ফি ৩০ শতাংশ ছাড়ে এবং সকল প্রোগ্রামের টিউশন ফির ওপরে ১৫-১০০ শতাংশ পর্যন্ত ছাড়ে ভর্তি চলছে। চার বছরের প্রোগ্রামগুলোর মধ্যে এসএসসি ও এইচএসসির ফলাফলের ওপরে ১০-১০০ শতাংশ পর্যন্ত স্পেশাল স্কলারশিপ দেওয়া হবে শিক্ষার্থীদের।

এছাড়া উত্তরা ইউনিভার্সিটিতে শিক্ষার্থীদের পড়াশোনা চালিয়ে নেওয়ার ক্ষেত্রে বিশেষ শিক্ষাখণের ব্যবস্থা রয়েছে। উত্তরা ইউনিভার্সিটির তত্ত্বাবধানে ‘ব্যাংক এশিয়া’ এ শিক্ষাখণে প্রদান করছে।
বিজ্ঞপ্তি